ঝিনাইদহ ক্যাডেট কলেজের আন্তঃহাইজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

দক্ষিণ বঙ্গের এতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান ঝিনাইদহ ক্যাডেট কলেজের ৬০তম আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৫এর সমাপনী অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২৪ ডিসেম্বর) দিনব্যাপী কলেজের এ্যাথলেটিক্◌্র গ্রাউন্ডে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আন্তঃহাউজ বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় হুনাইন হাউজ ২০২৫ এ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পল্লী বিদু্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল এসএম জিয়া- উল-আজীম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান অতিথির সহধর্মিনী সাজীদা আহমেদ। প্রধান অতিথিকে অভ্যর্থনা জানান ও অনুষ্ঠানের সভাপতিত্ব করেণ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এ এইচ এম ছেরাজুজ্জামা।

অতিথিবৃন্দ দিনব্যাপী ক্যাডেটদের মনোমদ্ধকর ডিসপ্লে ও বিভিন্ন প্রতিযোগিতা উপভোগ করেণ। ২১ ডিসেম্বর থেকে এই প্রতিযোগিতা শুরু হয়। ৩দিন ব্যাপী এই প্রতিযোগিতায় ৩৩টি ইভেন্ট অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সমাপনি বক্তব্যে প্রধান অতিথির বক্তব্যে, ক্যাডেটদের দেশ মাতৃকার প্রয়োজনে নিজেকে যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য নির্দেশনা প্রদান করেণ। তিনি ঝিনাইদহ ক্যাডেট কলেজের সফলায় কলেজের ছাত্র, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও অভিভাবকদের নিরলস ও ঐকান্তিক প্রচেষ্টার ভূয়সী প্রশংসা করেণ।